# প্রয়োজনে আবারও ইরানে হামলার হুঁশিয়ারি নেতানিয়াহুর



ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু। ছবি: সংগৃহীত

ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেছেন, প্রয়োজন হলে ইরানের বিরুদ্ধে আবারও সামরিক অভিযান চালাতে পিছপা হবে না ইসরাইল। একই সঙ্গে তিনি জোর দিয়ে বলেন, তেহরানকে কোনোভাবেই পরমাণু অস্ত্রের সক্ষমতা অর্জন করতে দেওয়া হবে না।

মঙ্গলবার (৩০ জুন) ইসরাইলের চ্যানেল ১৪-কে দেওয়া এক সাক্ষাৎকারে নেতানিয়াহু দাবি করেন, সাম্প্রতিক পদক্ষেপের মাধ্যমে ইরানের পরমাণু হুমকি মোকাবিলায় ইসরাইল সফল হয়েছে।

তার এ মন্তব্য এমন সময় এলো, যখন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সাম্প্রতিক সমঝোতার মাধ্যমে উত্তেজনা কমানোর চেষ্টা চলছে। ওই সমঝোতায় যুদ্ধবিরতি, নিষেধাজ্ঞা, পরমাণু কর্মসূচি এবং আঞ্চলিক নিরাপত্তাসহ বিভিন্ন বিষয়ে আলোচনার কাঠামো নির্ধারণ করা হয়েছে।

তবে ইরানের সঙ্গে যেকোনো ধরনের সমঝোতা নিয়ে শুরু থেকেই আপত্তি জানিয়ে আসছে ইসরাইল। নেতানিয়াহু পুনর্ব্যক্ত করেন, দেশের নিরাপত্তার প্রশ্নে প্রয়োজন হলে ভবিষ্যতেও কঠোর সামরিক পদক্ষেপ নিতে প্রস্তুত রয়েছে তার সরকার।

LENS ASIA